

অনিয়ম দুর্নীতি ॥ পীরগাছায় উপবৃত্তির ১০ লাখ টাকা ফেরত গেছে

রংপুর সংবাদদাতা ॥ বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির কারণে পীরগাছা উপজেলার বিভিন্ন স্কুল, মাদ্রাসার উপবৃত্তি ও টিউশন ফি'র ১০ লক্ষাধিক টাকা ফেরত গেছে। এর ফলে প্রকৃত উপবৃত্তি প্রাপকরাও বঞ্চিত হয়েছে।

জানা যায়, উপজেলার অধিকাংশ স্কুল ও মাদ্রাসার প্রকৃত ছাত্রীর চেয়ে অনেক বেশী ছাত্রী দেখানো হচ্ছে। কোন কোন প্রতিষ্ঠানে কাগজে কলমে তিনগুণ বেশী দেখানো হচ্ছে। ভূয়া ছাত্রী দেখিয়ে উত্তোলন করা টাকা প্রতিষ্ঠান প্রধান, ম্যানেজিং কমিটি এবং উপবৃত্তি সংক্রান্ত কর্মকর্তারা ভাগ বাটোয়ারা করে নেন বলে অভিযোগ। বর্তমান ইউপিও জানান, এসব অভিযোগ ধরা পড়ায় অনেক প্রতিষ্ঠান উপবৃত্তির টাকা নিতে অনীহা প্রকাশ করেছে। অনিয়ম ও দুর্নীতির কারণে উপজেলার কান্দি আর আই সিনিয়র মাদ্রাসাকে উপবৃত্তির একটি টাকাও দেয়া হয়নি। এ মাদ্রাসায় ছাত্রী দেখানো হয়েছে ৩৫৩ জন। সে অনুযায়ী

উপবৃত্তি এবং টিউশন ফি সহ টাকার পরিমাণ ১ লাখ ৩৬ হাজার ৬৬০ টাকা। কিন্তু প্রকৃত ছাত্রী ১৫২ জন। মহিষমুড়ি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রকৃত ছাত্রী ১৪২ জন।
(১০ম পৃঃ ডঃ)

অনিয়ম দুর্নীতি

(৯ম পৃঃ পর)

দেখানো হয়েছে ২৯৪ জন। ইউপিও জানান, অনিয়ম এবং দুর্নীতির কারণে অনেক শিক্ষা প্রতিষ্ঠান উপবৃত্তির টাকা না নেয়ায় ১০ লাখের বেশী টাকা ফেরত গেছে। উপবৃত্তির টাকা নিতে এসে অনিয়ম ধরা পড়ার ভয়ে অনেক শিক্ষা প্রতিষ্ঠান তালিকাও জমা দিচ্ছে না।